

রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ



# গেজেট

অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

মঙ্গলবার, জানুয়ারি ২১, ২০২০

[ বেসরকারি ব্যক্তি এবং কর্পোরেশন কর্তৃক অর্থের বিনিময়ে জারীকৃত বিজ্ঞাপন ও নোটিশসমূহ ]

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়  
আইন ও বিচার বিভাগ  
জাতীয় আইনগত সহায়তা প্রদান সংস্থা

## প্রজ্ঞাপন

তারিখ : ১৮ পৌষ ১৪২৬ বঙ্গাব্দ/০২ জানুয়ারি ২০২০ খ্রিস্টাব্দ

এস. আর. ও. নং ০৩-আইন/২০২০।—আইনগত সহায়তা প্রদান আইন, ২০০০ (২০০০ সনের ৬নং আইন) এর ধারা ২৪ এ প্রদত্ত ক্ষমতাবলে জাতীয় আইনগত সহায়তা প্রদান সংস্থা, সরকারের পূর্বানুমোদনক্রমে, জাতীয় আইনগত সহায়তা প্রদান সংস্থা (কর্মকর্তা-কর্মচারী) চাকুরী প্রবিধানমালা, ২০১০ এর নিম্নরূপ অধিকতর সংশোধন করিল, যথা :—

উপরি-উক্ত প্রবিধানমালার তফসিল এর—

(১) ক্রমিক নং ১ এবং উহার বিপরীতে কলাম ২, ৩, ৪ ও ৫ এর এন্ট্রিসমূহের পর নিম্নরূপ ক্রমিক নং ১ক এবং এন্ট্রিসমূহ সন্নিবেশিত হইবে, যথা :—

“১ক।	সুপ্রীম কোর্ট লিগ্যাল এইড অফিসার	-	শ্রেণে বদলির মাধ্যমে	অতিরিক্ত জেলা জজ পর্যায়ের বিচার বিভাগীয় কর্মকর্তা।”;
------	--	---	-------------------------	--

(১৪৮৯)  
মূল্য : টাকা ৪০০

(২) ক্রমিক নং ৩ক এবং উহার বিপরীতে কলাম ২, ৩, ৪ এবং ৫ এর এন্ট্রিসমূহের পর নিম্নরূপ ক্রমিক নং ৩খ এবং এন্ট্রিসমূহ সন্নিবেশিত হইবে, যথা :—

“৩খ।	প্রশাসনিক কর্মকর্তা	৩০ বৎসর	মোট পদের— (ক) ১৫% পদ স্টার্ট মুদ্রাক্ষরিক কাম- কম্পিউটার মুদ্রাক্ষরিক এবং কম্পিউটার অপারেটরগণের মধ্য হইতে পদোন্নতির মাধ্যমে; (খ) ৬৫% পদ অফিস সহকারী কাম- কম্পিউটার অপারেটর, কোর্ট লিগ্যাল এইড এ্যাসিস্টেন্ট এবং বেঞ্চ সহকারীগণের মধ্য হইতে পদোন্নতির মাধ্যমে; এবং (গ) ২০% পদ সরাসরি নিয়োগের মাধ্যমে	পদোন্নতির ক্ষেত্রে : স্টার্ট-মুদ্রাক্ষরিক কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক, কম্পিউটার অপারেটর, অফিস সহকারী কাম-কম্পিউটার অপারেটর, কোর্ট লিগ্যাল এইড এ্যাসিস্টেন্ট বা বেঞ্চ সহকারী পদে অন্যন ৫ (পাঁচ) বৎসরের চাকুরী।  সরাসরি নিয়োগের ক্ষেত্রে : (ক) কোনো স্থীকৃত বিশ্ববিদ্যালয় হইতে স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রী অথবা দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতক বা সমমানের ডিগ্রী; এবং (খ) কম্পিউটারে প্রশিক্ষণ প্রাপ্ত।”;
------	------------------------	------------	---	--

(৩) ক্রমিক নং ৫ এবং উহার বিপরীতে কলাম ২, ৩, ৪ এবং ৫ এর এন্ট্রিসমূহের পর নিম্নরূপ ক্রমিক নং ৫ক, ৫খ ও ৫গ এবং এন্ট্রিসমূহ সন্নিবেশিত হইবে, যথা :—

“৫ক।	হিসাবরক্ষক	৩০ বৎসর	পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে	পদোন্নতির ক্ষেত্রে : অফিস সহকারী কাম- কম্পিউটার অপারেটর পদে অন্যন ৫ (পাঁচ) বৎসরের চাকুরী এবং অর্থ ও হিসাব সংক্রান্ত কাজে বাস্তব অভিজ্ঞতা।  সরাসরি নিয়োগের ক্ষেত্রে : (ক) কোনো স্থীকৃত বিশ্ববিদ্যালয় হইতে বাণিজ্য স্নাতক বা সমমানের ডিগ্রী ; এবং (খ) কম্পিউটারে প্রশিক্ষণ প্রাপ্ত।
------	------------	------------	---	---

৫খ।	স্টার্ট-মুদ্রাক্ষরিক কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক	৩০ বৎসর	সরাসরি নিয়োগের মাধ্যমে	(ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং (খ) স্টার্ট-মুদ্রাক্ষরিক কম্পিউটার টাইপে সরকার কর্তৃক নির্ধারিত গতি।
৫গ।	ক্যাটালগার	৩০ বৎসর	সরাসরি নিয়োগের মাধ্যমে	(ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে স্নাতক বা সমমানের ডিগ্রীসহ কোনো স্বীকৃত প্রতিষ্ঠান হইতে গ্রাহণ কর্তৃত প্রতিষ্ঠানে ডিপ্লোমা; এবং (খ) কম্পিউটারে প্রশিক্ষণ প্রাপ্ত।”;

(৮) ক্রমিক নং ৬খ এবং উহার বিপরীতে কলাম ২, ৩, ৪ এবং ৫ এর এন্ট্রিসমূহের পর নিম্নরূপ ক্রমিক নং ৬গ এবং এন্ট্রিসমূহ সংযোজিত হইবে, যথা :—

“৬গ।	কোর্ট লিগ্যাল এইড এ্যাসিস্টেন্ট	৩০ বৎসর	সরাসরি নিয়োগের মাধ্যমে	কোনো স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ কম্পিউটার টাইপে সরকার কর্তৃক নির্ধারিত গতি।”;
------	---------------------------------	------------	-------------------------	---

(৯) ক্রমিক নং ১০ এবং উহার বিপরীতে কলাম ২, ৩, ৪ এবং ৫ এর এন্ট্রিসমূহের পর নিম্নরূপ ক্রমিক নং ১১ ও ১২ এবং এন্ট্রিসমূহ সংযোজিত হইবে, যথা :—

“১১।	অফিস সহায়ক (সুপ্রীম কোর্ট লিগ্যাল এইড অফিস)	আউটসোর্সিং (Outsourcing) প্রক্রিয়ায় সেবা গ্রহণ নীতিমালা, ২০১৮ অনুযায়ী।
১২।	পরিচ্ছন্নতা কর্মী	আউটসোর্সিং (Outsourcing) প্রক্রিয়ায় সেবা গ্রহণ নীতিমালা, ২০১৮ অনুযায়ী।”।

জাতীয় আইনগত সহায়তা প্রদান সংস্থার আদেশক্রমে

এ এইচ এম হাবিবুর রহমান ভুঁইয়া  
পরিচালক (ভারপ্রাপ্ত)।

মোঃ তারিকুল ইসলাম খান, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,  
ঢাকা কর্তৃক প্রকাশিত। website : [www.bgpress.gov.bd](http://www.bgpress.gov.bd)